



প্রধানমন্ত্রী স্বর্ণপদক পেলেন ইস্ট ওয়েস্টের শিক্ষার্থী

অসাধারণ মেধার স্বীকৃতি হিসেবে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের প্রধানমন্ত্রী স্বর্ণপদক পেয়েছেন ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী আফিফা বিনতে সাইফুদ্দিন। আফিফা ২০১৭ সালে বিশ্ববিদ্যালয়ের ফার্মেসি বিভাগ থেকে সিজিপিএ ৪-এর মধ্যে ৩ দশমিক ৯৯ পেয়ে স্নাতক সম্পন্ন করেন। তিনি এ বছর ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের সমাবর্তনেও স্বর্ণপদক পেয়েছেন। সম্প্রতি প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনা আফিফার গলায় স্বর্ণপদক পরিয়ে দেন। অনুষ্ঠানে সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয়ের ১৬৩ শিক্ষার্থীকে স্বর্ণপদক দেওয়া হয়। প্রায় একশ' বেসরকারি বিশ্ববিদ্যালয়ের মধ্যে শুধু দুটি বেসকারি বিশ্ববিদ্যালয় এ স্বর্ণপদক লাভ করে। স্বর্ণপদক পাওয়ায় আফিফাকে ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান ড. মোহাম্মদ ফরাসউদ্দিন ও উপাচার্য অধ্যাপক ড. এমএম শহিদুল হাসান অভিনন্দন জানান।